একনেকে ১৫ হাজার ৮২৩ কোটি টাকার ১৩ প্রকল্প অনুমোদন



ছবি: সংগৃহীত

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ১৫ হাজার ৮২৩ কোটি ৫৭ লাখ টাকা ব্যয়ে ১৩টি উন্নয়ন প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে ৮টি নতুন, ৩টি সংশোধিত এবং ২টি মেয়াদ বাড়ানোর প্রকল্প।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সচিবালয়ের মন্ত্রিসভা কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পগুলো অনুমোদন দেওয়া হয়।

মোট ব্যয়ের মধ্যে সরকারি অর্থায়ন ১০ হাজার ১১৮ কোটি ৩৩ লাখ টাকা, প্রকল্প ঋণ ৫ হাজার ২৫২ কোটি ৯৬ লাখ এবং সংশ্লিষ্ট সংস্থার নিজস্ব অর্থায়ন ৩৮২ কোটি ২৮ লাখ টাকা।

অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে রয়েছে টিবি, এইচআইভি-এইডস ও ম্যালেরিয়া মোকাবিলায় স্বাস্থ্যব্যবস্থা জোরদার, পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন, আর্থিক খাত সহায়তা, প্রতিবন্ধী প্রশিক্ষণকেন্দ্রের উন্নয়ন এবং বন্যা ও নদী ব্যবস্থাপনা।

এ ছাড়া ভোলা সদর ও দৌলতখানকে মেঘনা নদীর ভাঙন থেকে রক্ষা, ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা, রংপুর বিভাগের সড়ক উন্নয়ন, মাদারীপুর-শরীয়তপুর-রাজবাড়ীর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্পও রয়েছে।

বিদ্যুৎ ও জ্বালানি খাতে সোনাগাজীতে সৌরবিদ্যুৎকেন্দ্রের জন্য ভূমি অধিগ্রহণ এবং তিন পার্বত্য জেলায় বিদ্যুৎ নেটওয়ার্ক সম্প্রসারণের প্রকল্প অনুমোদন পেয়েছে। পাশাপাশি র‍্যাবের কারিগরি ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধির একটি সংশোধিত প্রকল্পও অনুমোদন দেওয়া হয়।